

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১১৫৭

১০/ হজ

পরিচ্ছেদঃ ইহরাম

আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ خَرَجْنَا مَعَ النَّبِيِّ عَلَيْ لَا نَذْكُرُ إِلَّا الْحَجَّ فَلَمَّا جِئْنَا سَرِفَ طَمِثْتُ فَدَخَلَ عَلَيَّ النَّبِيُّ عَلَيْ النَّبِيُّ عَلَيْ الْعَامَ، قَالَ لَعَلَّكِ عَلَيَّ النَّبِيُّ عَلَيْ النَّهِ أَنِّي لَمْ أَحُجَّ الْعَامَ، قَالَ لَعَلَّكِ عَلَيَ النَّهِ عَلَي اللهِ أَنِّي لَمْ أَحُجَّ الْعَامَ، قَالَ لَعَلَّكِ نُفُوسْتِ قُلْتُ نَعَمْ، قَالَ فَإِنَّ ذَلِكِ شَيْءً كَتَبَهُ اللهُ عَلَى بَنَاتِ آدَمَ، فَافْعَلِي مَا يَفْعَلُ الْحَاجُ غَيْرَ أَنْ لَا تَطُوفِي بِالْبَيْتِ حَتَّى تَطْهُرِي

বাংলা

(১১৫৭) আরেশা (রাঃ) হজ্জ সফরে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলেন। রাস্তায় তাঁর ঋতু শুরু হয়ে যায়। তিনি বলেন, আমি কাঁদতে লাগি। সেই সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকটে এলেন। বললেন, কাঁদছ কেন? আমি বললাম, আল্লাহর কসম! যদি এ বছরে হজ্জে বের না হতাম (তাহলে ভাল হত)! তিনি বললেন, সম্ভবতঃ তোমার মাসিক শুরু হয়েছে? আমি বললাম, জী হ্যাঁ। তিনি বললেন, এটি তো এমন জিনিস যা আদম কন্যাদের উপর আল্লাহ অনিবার্য করেছেন। সুতরাং তুমি হাজী যা করে তাই কর, তবে পবিত্র না হওয়া পর্যন্ত তওয়াফ করো না।

ফুটনোট

(বুখারী ২৯৪, ৩০৫, মুসলিম ২৯৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন